

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩৪

আগরতলা, ২৪ এপ্রিল, ২০২৫

ফায়ার সার্ভিস সপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত  
অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ

বাধারঘাট ফায়ার সার্ভিস ট্রেনিং সেন্টারে আজ বিকেলে আয়োজিত এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ফায়ার সার্ভিস সপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অগ্নি নির্বাপক এবং আপৎকালীন পরিষেবা দপ্তরের অধিকর্তা উত্তম মন্ডল। সংক্ষিপ্ত বক্তব্য রাখেন অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব আকিঞ্চন সরকার। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অগ্নি নির্বাপক ও আপৎকালীন পরিষেবা দপ্তরের যুগ্ম অধিকর্তা মিঠুন দাস চৌধুরী, শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা রাকেশ দেববর্মা প্রমুখ। যে সমস্ত কার্যক্রমের মধ্য দিয়ে ফায়ার সার্ভিস সপ্তাহ পালন করা হয়েছে তারমধ্যে রয়েছে বাইক র্যালি, বাজার এবং বিভিন্ন জায়গায় সচেতনতা শিবির ও মহড়া প্রদর্শন করা এবং বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা। ক্রীড়া প্রতিযোগিতার মধ্যে ভলিবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে দক্ষিণ জেলা এবং রানার্স হয়েছে এস.টি.সি. আগরতলা। টাগ অব ওয়ারে চ্যাম্পিয়ন হয়েছে খোয়াই জেলা এবং রানার্স হয়েছে এস.টি.সি. আগরতলা। পুট অন ড্রেস প্রতিযোগিতায় প্রথম হয়েছেন হারাধন ঘোষ, দ্বিতীয় মামন চৌধুরী এবং তৃতীয় রাণা দাস। বিজয়ীদের হাতে অতিথিগণ পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে দপ্তরের বিভিন্ন জেলার প্রতিনিধিদের হাতে বিভিন্ন জরুরি সামগ্রী তুলে দেওয়া হয়। উল্লেখ্য, ১৪-২০ এপ্রিল ফায়ার সার্ভিস সপ্তাহ উদযাপিত হয়েছে।

\*\*\*\*\*